

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮-৯৬

পানিসাগর, ২৯ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা

পানিসাগর নগরপঞ্চায়েতে ওয়ার্ডভিত্তিক বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে গতকাল নগরপঞ্চায়েতের ১, ৩, ৪ ও ৫নং ওয়ার্ডভিত্তিক বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। পানিসাগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে অনুষ্ঠিত এই শিবিরের উদ্বোধন করেন পানিসাগর নগরপঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ। উপস্থিত ছিলেন পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য, নগরপঞ্চায়েতের উপকার্যনির্বাহী আধিকারিক প্রদীপ কুমার সরকার, পানিসাগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অধ্যক্ষ দয়ানন্দ দেববর্মা, নগরপঞ্চায়েতের কাউন্সিলারগণ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে উদ্বোধক সহ অন্যান্য অতিথিগণ বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের উদ্দেশ্য ও গুরুত্ব নিয়ে আলোচনা করেন। শিবিরে বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী স্টল খোলা হয়। শিবিরে বিভিন্ন সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা প্রদান করা হয়। শিবিরে পানিসাগর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১৫টি পিআরটিসি, ৮টি ইনকাম, ৫টি এসসি ও ৫টি ওবিসি সার্টিফিকেটের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়।

\*\*\*\*\*